রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, এপ্রিল ৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১০৫-আইন/২০১৮।**—সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯, অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত নামে দুইটি সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, অতঃপর ট্রাইব্যুনাল বলিয়া উল্লিখিত, গঠন করিল এবং কলাম (২) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এলাকাকে এতদ্দ্বারা উহাদের স্থানীয় অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিল, যথা :—

**টেবিল**

| ক্রমিক | ট্রাইব্যুনালের নাম | স্থানীয় অধিক্ষেত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ঢাকা | মহানগরী এলাকাসহ সমগ্র ঢাকা জেলা |
| ২। | সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, চট্টগ্রাম | মহানগরী এলাকাসহ সমগ্র চট্টগ্রাম জেলা |

২। উক্ত আইনের অধীন,—

(ক) মহানগরী এলাকাসহ ঢাকা ও চট্টগ্রাম জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার মামলাসমূহ ধারা ২৭ অনুযায়ী বিচার্য হইবে;

(খ) মহানগরী এলাকাসহ ঢাকা ও চট্টগ্রাম জেলার বিচারাধীন মামলাসমূহ যে আদালত বা ট্রাইব্যুনালেই বিচারাধীন থাকুক না কেন, এই প্রজ্ঞাপন জারির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, উপরিবর্ণিত টেবিলের কলাম (৩) এ নির্ধারিত স্থানীয় অধিক্ষেত্রভুক্ত ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে।

৩। দফা ২ এর উপ-দফা (খ) এর অধীন স্থানান্তরিত কোনো মামলা বিচারের ক্ষেত্রে,—

(ক) মামলাটি যে পর্যায় হইতে ট্রাইব্যুনালে স্থানান্তিরিত হইবে, ট্রাইব্যুনাল সেই পর্যায় হইতেই উক্ত মামলার বিচারকার্য শুরু করিবে;

(খ) যে আদালত হইতে মামলা স্থানান্তর করা হইবে সেই আদালত কর্তৃক গৃহীত সাক্ষ্য-সাবুদ ট্রাইব্যুনালের সাক্ষ্য-সাবুদ বলিয়া বিবেচিত হইবে এবং সুবিচারের জন্য প্রয়োজন না হইলে উক্তরূপ সাক্ষ্য-সাবুদ পুনরায় গ্রহণ করিবার প্রয়োজন হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী মুশফিক মাহবুব রবিন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd